

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.২২৬.১৮-৪৯৯

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫
১১ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৬৯৪/২০১৮ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২৬৯৪/২০১৮।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্টস	মামলা দায়েরের কারণ/বিষয়
১২৬৯৪/২০১৮	মো: মাহবুবুর রহমান, পিতা- হাবিবুর রহমান, অধ্যক্ষ, নন্দনপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বাগমারা, রাজশাহী।	১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ২। মহাপরিচালক, কাশিঅ, ৩। পরিচালক (ভোক), কাশিঅ, ৪। অতিরিক্ত সচিব (ভোক), কাশিঅ, ৫। যুগ্মসচিব (প্রশাসন), টিএমইডি এবং আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৭৮৭ সংখ্যক স্মারকমূলে ৩নং বিবাদীর স্বাক্ষরে এমপিও বাতিল করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার জনাব মো: মাহবুবুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১২৬৯৪/২০১৮ মামলা দায়ের করা হয়।

০২। যেহেতু সরকারের বিপক্ষে রিট মামলা দায়ের হয়েছে এবং উক্ত মামলাটি গত ১৪/১০/২০১৮ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৭৮৭ সংখ্যক স্মারকমূলে জারিকৃত পত্রের কার্যক্রম ০৪ (চার) মাস স্থগিত রেখে পিটিশনারকে বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের অন্তর্বর্তীকালীনসহ ১১/১১/২০১৮ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণ প্রয়োজন এবং সেসাথে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যিক।

০৩। সে মতে উক্ত রিট মামলায় অন্তর্বর্তীকালীন আদেশ সরকার পক্ষে vacate করণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে vacate করণের পদক্ষেপ গ্রহণক্রমে আগামী ৩০/১২/২০১৮ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক। সে সাথে উক্ত মামলায় দ্রুত সরকার পক্ষে জবাব দাখিল করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২৬৯৪/২০১৮ মামলার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০/১২/২০১৮ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।